The industry specific guidance below was developed by the Department in response to the pandemic and is no longer mandatory. These archived documents are made available as a public reference and resource only.

Industry partners should refer to New York Forward Guidance for the most up-to-date information regarding COVID-19. For more information, please visit https://agriculture.ny.gov/coronavirus.

NEW YORK STATE OF OPPORTUNITY. | Agriculture and Markets

ANDREW M. CUOMO
গভর্নর

RICHARD A. BALL
কমিশনার

COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থা চলাকালীন খুচরো বিক্রেতাদের কাঁচা ডিম (খোলাযুক্ত ডিম) বিক্রির ক্ষেত্রে প্যাকেজিং এবং লেবেলিংয়ের উপর অন্তর্বর্তী নির্দেশিকা

28 এপ্রিল 2020

এই অন্তর্বর্তী নির্দেশিকা অনুযায়ী COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থা চলাকালীন কাঁচা ডিমের বর্ধিত চাহিদা পূরণ করার সুযোগ এই শিল্পকে দিয়ে খুচরো খাবারের দোকানে কাঁচা ডিম বিক্রির জন্য নির্দিষ্ট প্যাকেজিং এবং লেবেলিংয়ের আবশ্যিক শর্তে অস্থায়ী নমনীয়তা দেখানো হয়েছে। কেবলমাত্র নিউ ইয়র্ক স্টেটে ঘোষিত COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থা চলাকালীন কার্যকর থাকাই এই নীতির মূল উদ্দেশ্য। এই নির্দেশিকার নথি অবিলম্বে কার্যক হয়েছে এবং পরবর্তী বিজ্ঞপ্তি না আসা পর্যন্ত এটি কার্যকর থাকবে, তবে আপৎকালীন অবস্থার সময়সীমার থেকে বেশি সময়ের জন্য নয়।

পটভূমি

খুচরো খাবারের দোকানগুলি নিউ ইয়র্ক স্টেটের আইন এবং প্রবিধানের পাশাপাশি 21 CFR পার্ট 101 সমেত ফেডারেল ফুড লেবেলিং এর আবশ্যিক শর্ত অনুযায়ী সাপ্লায়ারদের থেকে রিটেল সেল এর জন্য লেবেল করা কার্টনগুলিতে থাকা কাঁচা ডিমগুলি গ্রহণ করে। ফুড লেবেলিংয়ের আবশ্যিক শর্তের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ডিমের গ্রেড (A&ML এর ধারা 160-c এবং 1 NYCRR এর ধারা 190.1[h] দেখুন), একটি কার্টনে থাকা ডিমের সংখ্যা (1 NYCRR এর ধারা 221.5 এর উপ-বিভাগ [f] এবং [g]), এবং একটি "রেফ্রিজেরেট করে রাখুন" এর সতর্কবার্তা (1 NYCRR এর ধারা 271-2.2[c] দেখুন), তবে তা এগুলির মধ্যেই সীমিত নয়।

COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থার ফলস্বরূপ, কাঁচা ডিমের জন্য গ্রাহকের চাহিদা বেড়েছে। গ্রাহকদের জন্য অতিরিক্ত কাঁচা ডিম থাকলেও, উপযুক্ত লেবেল দেওয়া খুচরো প্যাকেজিংয়ের পর্যাপ্ত সরবরাহ সীমিত। FDA নির্দেশিকা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও মার্কেট বিভাগ (New York State Department of Agriculture and Markets, AGM) শিল্পটির তরফ থেকে গ্রাহকের এই বর্ধিত চাহিদা পূরণ করার সুযোগ দেওয়ার জন্য প্যাকেজিং এবং লেবেলিংয়ের কিছু শর্তে অস্থায়ীভাবে নমনীয় হচ্ছে।

অস্থায়ী প্যাকেজিং এবং লেবেলিংয়ের নির্দেশিকা

COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থা চলাকালীন কাঁচা ডিম বন্টন সহজতর করতে, FDA-এর অস্থায়ী প্যাকেজিং এবং লেবেলিংয়ের নির্দেশিকা AGM অনুসরণ করছে যার জন্য প্রয়োজন:

- খুচরো খাবারের দোকানে বিক্রির সময় স্পষ্টভাবে (উদাহরণস্বরূপ, কাউন্টার কার্ড, স্বাক্ষর, পণ্যের উপর আটকানো ট্যাগ বা অন্য কোনো উপযুক্ত ডিভাইসে) নিম্নলিখিত তথ্য দেখানো থাকে:
    - পরিচিতির বিবৃতি;
    - উৎপাদক, প্যাকার বা বন্টনকারীর ব্যবসার নাম এবং স্থান; এবং
    - নিরাপদভাবে কাঁচা ডিম পরিচালনা করার নির্দেশাবলী, যাতে সমস্ত কার্যকর *স্যালমোনেলার* নষ্ট করার জন্য সেটির প্রক্রিয়া না হয়।

- একই সময়, একই স্থানে একাধিক সরবরাহকারীর থেকে কাঁচা ডিম বিক্রি করার প্রস্তাব আসলে, এটি গ্রাহকদের কাছে স্পষ্ট করতে হবে যে কাঁচা ডিম বিক্রির প্রস্তাব দিতে কোন মাত্রায় বিক্রির লেবেলিং প্রয়োগ করা হয়েছে।
- কাঁচা ডিমগুলি সম্পূর্ণভাবে কার্টন বা ফ্ল্যাট-এ বিক্রি হয় (উদাহরণস্বরূপ 30টি ডিম নেওয়ার জন্য 30টি ডিম ফ্ল্যাট নকশায় বিক্রি হয়েছে)।
- কাঁচা ডিম ক্রয়ের সময় কোনো পুষ্টি বিষয়ক দাবি করা হয় না।

যত তাড়াতাড়ি উপযুক্ত লেবেল দেওয়া খুচরো প্যাকেজিংয়ের পর্যাপ্ত সরবরাহ উপলব্ধ হবে, তত তাড়াতাড়িই সেগুলি ব্যবহার করতে হবে।

দ্রষ্টব্য: ঘোষিত চলমান COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থায় এবং যতটা সম্ভব বাস্তব পরিস্থিতিতে, সামাজিক দূরত্ব স্থাপনের পরিস্থিতি বাড়াতে এবং কোনো প্রদত্ত এলাকায় জনগণের একত্রিত হওয়ার ঘনত্ব কমাতে এই নির্দেশিকাটি ব্যবহার করতে ইচ্ছুক সংস্থাগুলিকে এটি যুক্তিসঙ্গত পরিমাণে বাস্তবায়ন করতে হবে।

দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে ফেস কভারিং সহ্য করতে সক্ষম যেকোনো ব্যক্তিকে কার্যনির্বাহী আদেশ 202.17 এবং 202.18 অনুযায়ী জনবহুল স্থানে বেড়ানোর সময় নিজের নাক এবং মুখ কোনো মাস্ক বা কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে। অতিরিক্ত তথ্য এক্সিকিউটিভ অর্ডার 202.17 এবং 202.18, এপ্রিল 17, 2020, অনুযায়ী COVID-19 অতিমারীর সময় মুখ ঢাকার আবশ্যকতা সম্পর্কিত অন্তবর্তী নির্দেশিকায় (Interim Guidance on Executive Orders 202.17 and 202.18 Requiring Face Coverings in Public During the COVID-19 Outbreak, April 17, 2020) পাওয়া যাবে।

কার্যনির্বাহী আদেশ 202.16 অনুযায়ী জনগণের সঙ্গে কথোপকথনের সময় আবশ্যিক কর্মীদের পরে থাকার জন্য নিয়োগকর্তাদের বিনামূল্যে মাস্ক দিতে হবে। অতিরিক্ত তথ্য COVID-19 এর প্রকোপ চলাকালীন জনবহুল স্থানে মুখ ঢেকে রাখার প্রয়োজনীয়তা নিয়ে অতিরিক্ত তথ্য 14ই এপ্রিল, 2020 তারিখের কার্যনির্বাহী আদেশের 202.16-এর অন্তর্বর্তী নির্দেশিকায় (Interim Guidance on Executive Order 202.16 Requiring Face Coverings for Public and Private Employees Interacting with the Public During the COVID-19 Outbreak, April 14, 2020) এ পাওয়া যাবে।

বাড়তি রিসোর্স

New York State Department of Health COVID-19 Website
https://coronavirus.health.ny.gov/home

New York State Department of Agriculture and Markets COVID-19 Website
https://agriculture.ny.gov/coronavirus

United States Centers for Disease Control and Prevention COVID-19 Website
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html